



## সিটিজেন চার্টার (Citizen's Charter)

মন্ত্রণালয়ের নাম	:	আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কেন্দ্রীয় ভাবে নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান	:	নিবন্ধন অধিদপ্তর
জেলা পর্যায়ে নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান	:	জেলা রেজিস্ট্রারের কার্যালয়
সেবাদানকারী প্রতিষ্ঠান	:	সাব-রেজিস্ট্রারের কার্যালয়

### সাব-রেজিস্ট্রার কার্যালয়ের সাংগঠনিক কাঠামো। (Organizational structure of the Sub-Registrar's office)

ক্রমিক নং	পদবী	সংখ্যা	মন্তব্য
০১	সাব-রেজিস্ট্রার	০১	
০২	অফিস সহকারী	০১	
০৩	মোহরার	০২	
০৪	টিসি মোহরার	০১	
০৫	অফিস সহায়ক	০১	
০৬	এম.এল.এস.এস	০১	
০৭	নকল নবিস	৯৭	অস্থায়ী ভিত্তিক

### সাব-রেজিস্ট্রারের কার্যালয় কর্তৃক প্রদেয় সেবার বিবরণ (Details of services provided by the Sub-Registrar's Office)

ক্রমিক নং	সেবার ধরণ	সেবা প্রাপ্তির সময়সীমা	সেবা দানকারী কর্মকর্তা/কর্মচারীর পদবী	উর্ধ্বতন কর্তৃপক্ষ
০১	দলিল রেজিস্ট্রীকরণ এবং মোজার নামা তসদিক করন।	০১ দিন	সাব-রেজিস্ট্রার সংশ্লিষ্ট উপজেলা/থানা/এলাকা	জেলা রেজিস্ট্রার
০২	রেজিস্ট্রীকরণ অন্তে মূল দলিল ফেরত প্রদান।	অফিস ভেদে ০১ মাস থেকে ০১ বৎসর বা তৎউর্দ্ধ	ঐ	ঐ
০৩	তসদিককৃত মোজার নামা দলিল ফেরত প্রদান।	০১ দিন	ঐ	ঐ
০৪	দলিলের নকল সরবরাহ।	০১ থেকে ০৭ দিন	ঐ	ঐ
০৫	সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত তথ্য সরবরাহ।	০১ থেকে ০৭ দিন	ঐ	ঐ
০৬	দলিল মোসাবিদাকরণ/প্রস্তুত/লিখন বিষয়ে সহয়তা প্রদান।	০১ দিন	সনদ প্রাপ্ত দলিল লেখক	সাব-রেজিস্ট্রার
০৭	দলিল মোসাবিদাকরণ/প্রস্তুত/রেজিস্ট্রীকরণ বিষয়ে সহয়তা প্রদান।	০১ দিন	ঐ	ঐ
০৮	দলিলের নকল বা তথ্য সংগ্রহের বিষয়ে সহয়তা প্রদান।	০১ দিন	সনদ প্রাপ্ত দলিল লেখক/তল্লাশকারী	ঐ
০৯	মূল দলিল সংগ্রহে সহয়তা প্রদান	০১ দিন	ঐ	ঐ
১০	যে কোন আবেদন দরখাস্ত ইত্যাদি লিখনে সহয়তা প্রদান	০১ দিন	ঐ	ঐ

### রেজিস্ট্রি অফিসে নাগরিকদের সেবার তালিকা (List of services of citizens in the registry office)

- ১। স্থাবর-অস্থাবর সম্পত্তির হস্তান্তর দলিল রেজিস্ট্রী করা হয়।
- ২। দলিল রেজিস্ট্রার জন্য গ্রহণের পর বালামে নকল পূর্বক তাহা স্থায়ী ভাবে সংরক্ষন করা হয়।
- ৩। যে কোন দলিল হারিয়ে/ধ্বংস হয়ে অথবা দলিলের লেখা অস্পষ্ট হয়ে গেলে সংশ্লিষ্ট ব্যক্তি/অন্য যে কোন ব্যক্তি তাহার প্রয়োজনে এখান থেকে দলিলের নকল সংগ্রহ করিতে পারেন।
- ৪। প্রত্যাশিত ব্যক্তি বা সংস্থা তল্লাশীর মাধ্যমে হস্তান্তরিত দলিল সংক্রান্ত সকল তথ্য পেতে পারেন।
- ৫। প্রত্যাশিত ব্যক্তি বা সংস্থা তল্লাশী করে এখান থেকে দলিল লেখক/তল্লাশকারীর মাধ্যমে এন.ও.সি পেতে পারেন।